গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।
principal@bbggc.gov.bd, www.bbggc.gov.bd
**College Code : 1400, EIIN NO : 108155**

তারিখ: ০৭/০৫/২০২৩

# মাস্টার্স শেষ পর্ব ২০২১-এর ফরম পূরণের বিজ্ঞপ্তি

২০২১ সনের মাস্টার্স শেষ পর্ব নিয়মিত, অনিয়মিত, মানোন্নয়ন, প্রাইভেট (নিয়মিত,অনিয়মিত, মানোন্নয়ন) শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের ফরম পূরণের আবেদন ফরম ঢাকা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (**7 College.du.ac.bd**) **Form Fill-up** ক্লিক করে শিক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনানুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। ফরম পূরণের টাকা পরিশোধের জন্য **https://sbl.com.bd:7070/SevenCollege/Payment/** লিংকে প্রবেশ করে **Form Fill-up Fee** অপশনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য প্রদানপূর্বক ফি পরিশোধ করে **Payment Slip** ও অন্যান্য কাগজপত্র স্ব-স্ব বিভাগে জমা দেয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

| ক্রমিক নং | বিষয় | টাকা |
|---|---|---|
| ০১ | বাংলা, ইংরেজি ও দর্শন | ৪,১৫৫/- |
| ০২ | সমাজকর্ম, সমাজবিজ্ঞান ও রাষ্ট্রবিজ্ঞান | ৪,০৫৫/- |
| ০৩ | অর্থনীতি, ইতিহাস ও ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ৩,৯০৫/- |
| ০৪ | পদার্থ বিজ্ঞান | ৪,১০০/- |
| ০৫ | গণিত ও প্রাণিবিজ্ঞান | ৪,৩৫০/- |
| ০৬ | রসায়ন ও উদ্ভিদ বিজ্ঞান | ৪,৬০০/- |
| ০৭ | গার্হস্থ্য অর্থনীতি | ৪,৪০০/- |
| ০৮ | মনোবিজ্ঞান | ৩,৮৫০/- |
| ০৯ | ভূগোল ও পরিবেশ | ৪,৩৫০/- |
| | মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য | |
| ০১ | ০১ বিষয় | ১,৫৩০/- |
| ০২ | ০২ বিষয় | ১,৭৮০/- |
| ০৩ | ০৩ বিষয় | ২,০৩০/- |
| ০৪ | ০৪ বিষয় | ২,২৮০/- |
| ০৫ | ০৫ বিষয় | ২,৫৩০/- |

বিঃদ্রঃ মান্নোনয়ন শিক্ষার্থীদের ক্ষেত্রে নোটিশে উল্লিখিত ফি দেখে পরিশোধ করতে হবে এবং ফি পরিশোধের ক্ষেত্রে কোনো প্রকার সমস্যা হলে কলেজ অফিসের ১১৪ নং কক্ষে যোগাযোগ করতে হবে। তাদের মৌখিক ও ব্যবহারিক বিষয় থাকলে নির্ধারিত ফি স্ব স্ব বিভাগে জমা দিতে দিবে।

* মাঠকর্ম, থিসিস, টার্মপেপার এবং অ্যাসাইনমেন্ট যদি থাকে নির্ধারিত ফি স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।
* নন-কলেজিয়েট শিক্ষার্থীদের মূল টাকার সাথে রশিদের মাধ্যমে অতিরিক্ত ১৫০০/- স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

ফরম পূরণ ও ফি জমাদানের তারিখ: ০৭/০৫/২০২৩ হতে ১৬/০৫/২০২৩ পর্যন্ত ।
নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের সুযোগ থাকবে না।

চলমান পাতা-০২

০৭/০৫/২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।
principal@bbggc.gov.bd, www.bbggc.gov.bd
College Code : 1400, EIIN NO : 108155


১। **পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলি:**

(ক) **নিয়মিত, অনিয়মিত, প্রাইভেট ও অনিয়মিত প্রাইভেট শিক্ষার্থীর ক্ষেত্রে:**
২০২০-২০২১ শিক্ষাবর্ষের মাস্টার্স ফাইনাল পরীক্ষার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত নিয়মিত, প্রাইভেট এবং ২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের অনিয়মিত, অনিয়মিত প্রাইভেট শিক্ষার্থীরা উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) **অকৃতকার্য শিক্ষার্থীর ক্ষেত্রে:**
২০১৯ ও ২০২০ সনের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত শিক্ষার্থীরা ২০২১ সনের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। ২০২০ সনের একজন শিক্ষার্থী F গ্রেড প্রাপ্ত কোর্সের পাশাপাশি **মানোন্নয়নের জন্য C এবং D গ্রেড প্রাপ্ত সর্বোচ্চ দুইটি কোর্সে** ২০২১ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় পরীক্ষার্থীরা নিজ নিজ সিলেবাস অনুযায়ী অংশগ্রহণের সুযোগ পাবে। তবে C এবং D গ্রেড প্রাপ্ত কোর্সে শুধুমাত্র পরবর্তী বছরেই মানোন্নয়নের সুযোগ পাবে।

(গ) **মানোন্নয়নের ক্ষেত্রে:**
২০২০ সনের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় একজন শিক্ষার্থীর GPA ২.৫০ এর কম হলে উক্ত শিক্ষার্থী ২০২১ সনের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় GPA উন্নয়নের জন্য শুধুমাত্র ২০২০ সনের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় C এবং D গ্রেড প্রাপ্ত সর্বোচ্চ ০২ (দুই) টি কোর্সের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে ।

(ঘ) **ইনকোর্স, টার্মপেপার, মৌখিক, ব্যবহারিক, মাঠকর্ম ও থিসিস পরীক্ষায় গ্রেড উন্নীতকরণের কোনো সুযোগ নাই।**

২। **ইনকোর্স ও টার্ম পেপার পরীক্ষার প্রয়োজনীয় শর্তাবলি:**

ক) পরীক্ষার্থীদের (নিয়মিত, প্রাইভেট নিয়মিত) ক্ষেত্রে কলেজের সংশ্লিষ্ট বিভাগ ২০% নম্বরের একটি ইন-কোর্স/টার্ম পেপার পরীক্ষার প্রাপ্ত নম্বর রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে এন্ট্রি দিয়ে ভেরিফাই করতে হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃক ভেরিফাই করার শেষ তারিখের পর অনলাইন থেকে ইসকোর্স নম্বরের তালিকা ডাউনলোড করে বিভাগীয় প্রধান এবং কলেজ অধ্যক্ষ মহোদয়ের স্বাক্ষরের পর এক কপি উপ-পরীক্ষা নিয়ন্ত্রক ও দুই কপি পরীক্ষা কমিটির নিকট প্রেরণ করতে হবে।

খ) **ইনকোর্স ও টার্মপেপার পরীক্ষার মূল নম্বর পত্রের (ম্যানুয়াল কপি) ফটোকপি কলেজ সংরক্ষণ করবে এবং মূল কপি (ম্যানুয়েল কপি) ফরম পূরণের বিবরণী ও ফি জমাদানের সাথে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে** ।

৩। **অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য):**

ক) আবেদনকারীকে ওয়েবসাইটে (http://dua7c.com/) লিংক এ গিয়ে অনার্স ৪র্থ বর্ষ ২০১৭, ২০১৮, ২০১৯, ২০২০ এর রেজিস্ট্রেশন নম্বর (মাস্টার্স ২০১৯, ২০২০, ২০২১ এর রেজিস্ট্রেশন নম্বর হিসাবে প্রযোজ্য), বিষয় কোড (৪ সংখ্যার) ও মাস্টার্সের শিক্ষাবর্ষ দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে।

খ) প্রিন্টকৃত ফরমে (এন্ট্রি ফরম) শিক্ষার্থী নিজে স্বাক্ষর করার পর কলেজ অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষের স্বাক্ষর নিয়ে ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ১৫/০৫/২০২৩ তারিখের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে আবেদনের মাধ্যমে জানাতে পারবে।

৪। **পরীক্ষার্থীদের জন্য করণীয়:**

পরীক্ষার্থীরা অনলাইনে আবেদন ফরম পূরণ করে নির্ধারিত-ফি সহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে সঠিক আছে কি না তা দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে। বিষয় কোড ভুল এন্ট্রির জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না। আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে বিশেষ করে কোড সিলেক্ট করতে ভুল হলে তা পুনরায় বিশ্ববিদ্যালয়ে আবেদনের প্রেক্ষিতে সঠিকভাবে পূরণ করতে হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

**ফরমের সাথে যে সমস্ত কাগজপত্র জমা দিতে হবেঃ**

০১. পরীক্ষার্থীদের মাস্টার্স শেষ বর্ষের ভর্তি রশিদের ফটো কপি।
০২. পরীক্ষায় অংশগ্রহণের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে পূরণকৃত ফরম ফিলাপের ফরম।
০৩. টাকা পরিশোধের রশিদ।

বিঃদ্রঃ **শিক্ষার্থীরা রশিদ এবং পরীক্ষার এন্ট্রি ফরম বিভাগে জমা না দিয়ে বাসায় নিয়ে গেলে তার পরীক্ষার ফরম পূরণ বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য যে, শিক্ষার্থীদের ফরম পূরণের তথ্য সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক নির্দিষ্ট তারিখের মধ্যে অনলাইনে ভেরিফাই করতে হবে।**

(প্রফেসর সাবিকুন নাহার)
অধ্যক্ষ
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।

বিতরণ:
০১. কলেজ নোটিশ বোর্ড
০২. বিভাগীয় প্রধান
০৩. সংরক্ষণ নথি।